

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং-০০.০১. ৯১০০.৬৬২.০২.১০৭.১৬.

তারিখ :

বিষয় : বিজ্ঞ আদালতে চার্জশীট দাখিল।

সূত্র : কোতয়ালী (এস এম পি সিলেট) মডেল থানা মামলা নং-১০, তারিখ-১২/০৭/২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোতয়ালী (এস এম পি সিলেট) মডেল থানা মামলা নং-১০, তারিখ-১২/০৭/২০১৬ খ্রি: এর নিম্নবর্ণিত আসামীদের বিরুদ্ধে এজাহারে বর্ণিত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাদের বিরুদ্ধে দণ্ড বিধি ৪০৯/৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/৪৭৭(ক)/১০৯এবং ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় চার্জশীট নম্বর ১৩৮, তারিখ-১৭/০৪/২০১৮ খ্রি: বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে।

১. জনাব মো: আব্দুল লতিফ চৌধুরী, পিতা: মৃত আবদুর রহমান চৌধুরী, ম্যানেজার (বরখাস্তকৃত), জীবন বীমা কর্পোরেশন, সিলেট রিজিওনাল অফিস, আম্বরখানা, সিলেট; স্থায়ী ঠিকানা: গ্রাম-ফালগুনকরা, ডাকঘর-চৌদ্দগ্রাম, উপজেলা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লা।
২. জনাব মোঃ ওয়াহিদুর রহমান মজুমদার, পিতা: আলীম উদ্দিন আহমেদ মজুমদার, উচ্চমান সহকারী (বরখাস্তকৃত), জীবন বীমা কর্পোরেশন, সিলেট রিজিওনাল অফিস, আম্বরখানা, সিলেট; স্থায়ী ঠিকানা: গ্রাম: লালবাগ, ডাকঘর: লালবাগ, উপজেলা: সদর দক্ষিণ, জেলা: কুমিল্লা।
৩. জনাব মো: গিয়াস উদ্দিন, পিতা: জনাব আবদুর রব মিয়া, ম্যানেজার (বরখাস্তকৃত), জীবন বীমা কর্পোরেশন, সিলেট রিজিওনাল অফিস, আম্বরখানা, সিলেট; স্থায়ী ঠিকানা: গ্রাম-পয়ালী, থানা- মতলব দক্ষিণ, জেলা-চাঁদপুর।
৪. জনাব মোঃ দেলোয়ার হোসেন, পিতা: মৃত নুরুল হক, নিম্নমান সহকারী (বরখাস্তকৃত), জীবন বীমা কর্পোরেশন, সিলেট রিজিওনাল অফিস, আম্বরখানা, সিলেট; স্থায়ী ঠিকানা: গ্রাম-গুড়িগ্রাম, ডাকঘর- বিটঘর, উপজেলা-নবীনগর, জেলা: ব্রাহ্মণবাড়ীয়া।
৫. জনাব মোঃ ফিরোজ আলম, পিতা: আব্দুল মান্নান, জুনিয়র অফিসার (বরখাস্তকৃত), জীবন বীমা কর্পোরেশন, সিলেট রিজিওনাল অফিস, আম্বরখানা, সিলেট; স্থায়ী ঠিকানা: গ্রাম: মাহতলা, ডাকঘর-থানার হাট, উপজেলা- সোনাইমুড়ি, জেলা- নোয়াখালী।
৬. জনাব মো: আমিরুল ইসলাম, পিতা: জনাব মো: হারিছ আলী, উচ্চমান সহকারী (বরখাস্তকৃত), জীবন বীমা কর্পোরেশন, সিলেট রিজিওনাল অফিস, আম্বরখানা, সিলেট; স্থায়ী ঠিকানা: গ্রাম-কাইতকোনা, ডাকঘর-জাউয়া বাজার, থানা- ছাতক, জেলা-সুনামগঞ্জ।

এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের ২১/১১/১৯৭৮ খ্রি: তারিখের স্মারক নং-ইডি (রেজি: VII)এস/ ১২৩/৭৮-১১৫(৫০০)এবং রপ্তানির সচিবালয়ের ০৯/০২/১৯৮৯ খ্রি: তারিখের স্মারক নং-রাস/জানি (দুদ)ঢা-১(৩১)/ঢাকা/ ৮৮-১৪৩ (৪৫) নং সার্কুলার এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

ড. মো: শামসুল আরেফিন
সচিব

ফোন- ৯৩৬০১১০

ইমেইল-secretary@acc.org.bd.

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-০০.০১. ৯১০০.৬৬২.০২.১০৭.১৬.

২০২৬২/১ (২)

তারিখ : ২৬/৬/১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ৩। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ৪। জেলা প্রশাসক, সিলেট।
- ৫। পরিচালক (প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। চেয়ারম্যান এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ন্ত্রণ কক্ষ, কক্ষ নং-২০৩, দুদক, প্রধান কার্যালয়, ঢাকা।

(মো: খায়রুল হুদা)

উপপরিচালক (অনু: ও তদন্ত-২)/সিলেট

ফোন-৯৩৫৬৬৪৫